



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
বরিশাল পলিটেকনিক ইনস্টিটিউট  
বরিশাল।

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

[www.barishalpoly.gov.bd](http://www.barishalpoly.gov.bd)

## নোটিশ

এতদ্বারা অত্র ইনস্টিটিউটের শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৫.০১.২০২৩ খ্রি. তারিখ রোজ বুধবার কারিগরি শিক্ষা অধিদপ্তর (DTE) এর অধীনে আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO) এর কারিগরি সহায়তায় এবং ইউরোপীয় ইউনিয়নের অর্থায়নে দিনব্যাপী “ক্যাম্পাস-ডে” উপলক্ষ্যে র্যালী, ক্যারিয়ার ওয়ার্কসপ, দক্ষতা প্রতিযোগিতা এবং চাকরির মেলা অনুষ্ঠিত হবে। সে লক্ষ্যে সকাল ৯:৩০ ঘটিকায় এক বর্ণাঢ্য র্যালি বঙ্গবন্ধু উদ্যান থেকে শুরু হয়ে সার্কিট হাউজ, টাউন হল, কালীবাড়ি রোড, মল্লিক রোড, বটতলার মোড় প্রদক্ষিণ করে বরিশাল পলিটেকনিক ইনস্টিটিউটে শেষ হবে। র্যালি শুভ উদ্বোধন করবেন বরিশাল সিটি কর্পোরেশন এর মাননীয় মেয়র সেরনিয়াবাত সাদিক আবদুল্লাহ।

উক্ত র্যালিতে অংশগ্রহণের জন্য আগামী ২৫.০১.২০২৩ খ্রি. তারিখ সকাল ৯:০০ ঘটিকায় ইনস্টিটিউট ফ্লাগস্টান্ডে উপস্থিত থাকার জন্য বলা হলো।

এছাড়া অন্যান্য অনুষ্ঠানে উল্লিখিত সকলকে এবং বর্তমানে ৮ম পর্বে অধ্যয়নরত শিক্ষার্থীদের ক্যারিয়ার ওয়ার্কসপ ও চাকরির মেলায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হলো।

স্বাক্ষরিত/-

(প্রকৌশলী মো. রুহুল আমিন)  
অধ্যক্ষ

তারিখ: ২৪.০১.২০২৩ খ্রি.

স্মারক নং - ৫৭.০৩.০৬৫০.৩০০.০৬.০১৪.২১-১৪০ (০৬)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
২. উপাধ্যক্ষ, অত্র ইনস্টিটিউট।
৩. চিফ ইন্সট্রাক্টর/বিভাগীয় প্রধান (উভয় শিফট): সিভিল/পাওয়ার/মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল/ইলেকট্রনিক্স/ইলেকট্রোমেডিক্যাল/কম্পিউটার/ট্যুরিজম এন্ড হসপিটালিটি /নন-টেক, অত্র ইনস্টিটিউট।
৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা (তথ্য ও আইসিটি), অত্র ইনস্টিটিউট [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ]।
৫. রেজিস্ট্রার/লাইব্রেরিয়ান/হিসাবরক্ষক/কোষাধ্যক্ষ/কেয়ারটেকার/স্টোরকিপার, অত্র ইনস্টিটিউট।
৬. সংরক্ষণ নথি।

24.01.23

(প্রকৌশলী মো. রুহুল আমিন)  
অধ্যক্ষ

ই-মেইল [barisal.poly@gmail.com](mailto:barisal.poly@gmail.com)

০২-৪৭৮৮৩০২১৩